



পুলিশ সদস্যদের মানসিক সুস্থতায় সচেতনতা বাড়ানোর তাগিদ

নিজস্ব প্রতিনিধি

কর্মক্ষেত্রে মানসিক চাপ মোকাবিলা এবং পুলিশ সদস্যদের মানসিক সুস্থতা নিশ্চিত করতে সচেতনতা বাড়ানোর ওপর গুরুত্ব দিয়েছে চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ (সিএমপি)। গতকাল সোমবার (২৬ অক্টোবর) সকাল ১১টায় নগরের লালদীঘি এলাকায় সিএমপি সদর দপ্তরের সম্মেলনক্ষেে মানসিক স্বাস্থ্য সচেতনতা সপ্তাহ-২০২৬ উপলক্ষে আয়োজিত এক সমন্বয় সভায় এ বিষয়ে আলোচনা হয়। বিভাগীয় পুলিশ হাসপাতাল, চট্টগ্রামের উদ্যোগে এবং চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতালের মনোরোগ বিদ্যা বিভাগের সহযোগিতায় এ সভার আয়োজন করা হয়। এতে সভাপতিত্ব করেন সিএমপি কমিশনার হাসান মো. শওকত আলী। সভায় মানসিক স্বাস্থ্য সম্পর্কে

সচেতনতা বৃদ্ধি, কর্মক্ষেত্রের মানসিক চাপ মোকাবিলা এবং মানসিক সুস্থতা বজায় রাখার বিভিন্ন দিক তুলে ধরা হয়। পাশাপাশি পুলিশ সদস্যদের জন্য প্রয়োজনীয় মানসিক স্বাস্থ্যসেবা নিশ্চিত করা এবং এ বিষয়ে ইতিবাচক দৃষ্টিভঙ্গি গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করা হয়। মানসিক স্বাস্থ্য সুরক্ষায় সংশ্লিষ্ট বিভাগগুলোর মধ্যে কার্যকর সময়স্বয় এবং সচেতনতামূলক কার্যক্রম বাস্তবায়নের বিষয়েও সভায় আলোচনা হয়। সভায় উপস্থিত ছিলেন সিএমপির অতিরিক্ত পুলিশ কমিশনার (প্রশাসন ও অর্থ) ওয়াহিদুল হক চৌধুরী, অতিরিক্ত পুলিশ কমিশনার (ট্রাফিক) হোসাইন মোহাম্মদ কবির ভূঁইয়া, উপ-পুলিশ কমিশনার (সদর) মো. ফেরদৌস আলী চৌধুরী, উপ-পুলিশ কমিশনার (ডিবি-দক্ষিণ) শেখ শরীফুল ইসলাম, উপ-পুলিশ কমিশনার (ট্রাফিক-উত্তর) নেহার উদ্দিন আহমেদসহ উর্ধ্বতন কর্মকর্তারা।

সেন্টমার্টিনের দুয়ার খোলার খবরে উচ্ছ্বসিত দ্বীপবাসী-ব্যবসায়ীরা

নিজস্ব প্রতিনিধি

সেন্টমার্টিনের জেটিঘাট, ফাইল ছবিপটনির্ভর দ্বীপ সেন্টমার্টিনে পর্যটকদের ভ্রমণে যাওয়ার খবরে উচ্ছ্বসিত দ্বীপের বাসিন্দা ও পর্যটন ব্যবসায়ীরা। এ খবরে দ্বীপের বাসিন্দারা আনন্দ মিছিলও করেছেন দীর্ঘ অপেক্ষার পর আগামী ১ নভেম্বর থেকে পর্যটকদের জন্য খুলছে দেশের একমাত্র প্রবাল দ্বীপ সেন্টমার্টিন। প্রতিদিন সর্বোচ্চ তিন হাজার ৫০০ পর্যটক দ্বীপটি ভ্রমণের সুযোগ পাবেন। পর্যটন মৌসুম চলেবে ২০২৭ সালের ১৫ মার্চ পর্যন্ত। এজন্য জনপ্রতি ১০০



টাকা পরিবেশ সংরক্ষণ ফি দিতে হবে।সরকারের এ সিদ্ধান্তে খুশি দ্বীপের বাসিন্দা ও পর্যটন ব্যবসায়ীরা। দীর্ঘদিন পর পর্যটন কার্যক্রম চালুর সুযোগ তৈরি হওয়ায় তাদের মধ্যে ফিরেছে আশার সঞ্চার। এ সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে রোববার (২৫ অক্টোবর) বিকেলে দ্বীপে আনন্দ মিছিল বের করেন স্থানীয় জনপ্রতিনিধি, ব্যবসায়ীসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ।স্থানীয় বাসিন্দা হাসান মিয়া বলেন, প্রতি বছরের মতো এবারো সেন্টমার্টিনে পর্যটকরা ভ্রমণে যেতে পারবেন এজন খবরে দ্বীপের বাসিন্দা ও পর্যটন ব্যবসার সঙ্গে জড়িত ব্যক্তিদের মধ্যে আনন্দের পরিবেশ তৈরি হয়েছে। সেন্টমার্টিনের মানুষের জীবিকা ও আয়ের অন্যতম প্রধান উৎস পর্যটন। পর্যটন মৌসুমের আয় দিয়ে বাকি সময় তাদের সসার খরচ চলে।তিনি আরও বলেন, দীর্ঘদিন পর্যটকদের আনাগোনা বন্ধ থাকায় দ্বীপের অর্থনৈতিক কর্মকাণ্ড যে হ্রাসবর্তী তৈরি হয়েছে। নতুন সিদ্ধান্তের ফলে তা কাটিয়ে ওঠার সুযোগ সৃষ্টি হবে দ্বীপের অর্থকে আবাদি রহমত উল্লাহ বলেন, নতুন করে আবারো সেন্টমার্টিনে পর্যটন কার্যক্রম চালুর সিদ্ধান্ত আমাদের জন্য অত্যন্ত আনন্দের। আগের বিধিনিষেধের বেড়াজাল থেকে দ্বীপবাসীকে মুক্ত করে পর্যটন কার্যক্রম পরিচালনার সুযোগ দেওয়ায় আমরা আনন্দিত।তিনি আরও বলেন,

জন্ম দ্বীপ খুলে দেওয়ার সিদ্ধান্তে আমরা অত্যন্ত আনন্দিত।তিনি আরও বলেন, দ্বীপের প্রায় সাড়ে তিন হাজার মানুষের জীবন-জীবিকা ও অর্থনৈতিক কর্মকাণ্ডের সঙ্গে পর্যটন জড়িত। আগামী চার মাস পর্যটকদের যাতায়াতের সুযোগ তৈরি হওয়ায় স্থানীয় মানুষের জীবিকা ও অর্থনীতিতে বড়ন আশার সঞ্চার হয়েছে।সেন্টমার্টিন ভ্রমণে পর্যটকদের কল্লবাজারের নুয়াছড়া বিআইডব্লিউটিএ জেটিঘাট থেকে অনুমোদিত জাহাজে যাতায়াত করতে হবে। জাহাজের টিকিটের পাশাপাশি পর্যটকদের অনলাইন নিবন্ধন সম্পন্ন করতে হবে অথবা কিউআর কোডস্ক্যান করে। যেসব বিধিনিষেধ রয়েছে সেগুলো বাস্তবায়নে মাঠ পর্যায়ে উপজেলা প্রশাসন দায়িত্বে থাকবেন।এদিকে কল্লবাজারের অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট (এডিএম) তাসনীম জাহান বলেন, সেন্টমার্টিনে পর্যটকদের রাত্রিযাপনের বিষয়ে নতুন কোনো সিদ্ধান্ত হয়নি। বুধবার এ বিষয়ে একটি সভা রয়েছে। সভার পর বিস্তারিত জানা যাবে।

বিনাইদহে আখের ফলন বৃদ্ধিতে চাষিদের প্রশিক্ষণ

নিজস্ব প্রতিনিধি

কালীগঞ্জ উপজেলায় আখ চাষ ও ফলন বৃদ্ধির লক্ষ্যে আখচাষিদের নিয়ে এক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ‘চাষির পদপুঞ্জি জুমির উত্তম সার’ এ প্রতিপত্তি কালীগঞ্জের মোবারকগঞ্জ সুগার মিলস্ লিমিটেডের উদ্যোগে এ প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়। গতকাল সোমবার বেলা ১১টায় ‘আধুনিক কলাকৌশল প্রয়োগে আখের একরপ্তি ফলন বৃদ্ধি’ শীর্ষক এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ কর্মশালায় প্রধান অতিথি ছিলেন ব্যবস্থাপনা পরিচালক প্রকাশীণী আ.ন.ম. জোবায়ের। মোবারকগঞ্জ সুগার মিলস্ লিমিটেডের মহাব্যবস্থাপক (কৃষি) কৃষিবিদ গৌতম কুমার মন্ডলের সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মশালায় বিশেষ অতিথি ছিলেন, উপ-মহাব্যবস্থাপক (সম্প্রসারণ ও ঋণ) কৃষিবিদ ইমরুল হাসান, উপ-মহাব্যবস্থাপক (এসআই অ্যান্ড এগ্রো) কৃষিবিদ কানিজ ফাতেমা, ব্যবস্থাপক (ইফ্ সুগ্গ্রহ) মো. রবিউল আলম এবং প্রশিক্ষী ইউনিয়নের সাধারণ সম্পাদক মো. জাহিদুল ইসলাম জাহিদ।

মা ইলিশ সংরক্ষণে চলছে কোস্ট গার্ড পূর্ব জোনের অভিযান

নিজস্ব প্রতিনিধি

মা ইলিশ সংরক্ষণে নিয়মিত অভিযানসহ জনসচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করছে কোস্ট গার্ড পূর্ব জোন। গতকাল সোমবার (২৬ অক্টোবর) কোস্ট গার্ড মিডিয়া কর্মকর্তা লেফটেন্যান্ট কমান্ডার সাকির আলম সূজন এ তথ্য জানান।তিনি জানান, ইলিশের প্রধান প্রজনন মৌসুমে ‘মা ইলিশ’ সংরক্ষণ ও নিরাপদ প্রজনন নিশ্চিতকল্পে গত ৮ অক্টোবর থেকে আগামী ২৯ অক্টোবর পর্যন্ত ২২ দিন সারা দেশে ইলিশ আহরণ, পরিবহন, মজুদ, বাজারজাতকরণ ও বোতালেনা সম্পূর্ণরূপে নিষিদ্ধ। এ নিষেধাজ্ঞা বাস্তবায়নে কোস্ট গার্ড পূর্ব জোনের আওতাধীন এলাকায় নিয়মিত টহল, বিশেষ অভিযান ও কঠোর নজরদারি কার্যক্রম পরিচালনা করছে। ‘মা ইলিশ সংরক্ষণ’ সফলভাবে বাস্তবায়ন ও সরকারি নিষেধাজ্ঞা কার্যকর করতে কোস্ট গার্ড নদী ও সমুদ্র উপকূলে গোয়েন্দা নজরদারি বৃদ্ধি এবং সার্বক্ষণিক টহল কার্যক্রম পরিচালনা করছে। পাশাপাশি জেলেরদের মাঝে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মাইকিং, লিফলেট বিতরণ ও আলোচনার মাধ্যমে সবাইকে আইন মেনে চলার আহ্বান জানানো হচ্ছে। একই সাথে জেলা প্রশাসন, মৎস্য বিভাগ,



অন্যান্য আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও মা ইলিশ সংরক্ষণে সংশ্লিষ্ট অন্যান্য সংস্থার সঙ্গে সমন্বিতভাবে অভিযান পরিচালনা করে আইনভঙ্গকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ অব্যাহত রয়েছে। বিসিজিএস পোর্টে গ্র্যান্ডের অধিনায়ক লেঃ কমান্ডার আবু ছালেহ আল-মামুন বলেন, আমরা বিশ্বাস করি ‘আজকের সংরক্ষণই আগামী দিনের প্রাচুর্য’। আসুন, সবাই মিলে নিষেধাজ্ঞা মেনে চলি এবং মা ইলিশ রক্ষার মাধ্যমে সুদীর্ঘ অর্থনীতিকে গতিশীল রাখতে সহায়তা করি। মা ইলিশ সংরক্ষণে সরকারি নিষেধাজ্ঞা লঙ্ঘনসহ যেকোনো অনিয়মের তথ্য জানানতে কোস্ট গার্ডের জরুরি সেবা নম্বরে (১৬১১১) কল করার জন্য আহ্বান জানানো হয়েছে।

কমলাপুর পর্যন্ত মেট্রোরেলের কাজ ৮৫ শতাংশ সম্পন্ন, জুলাইয়ে চালু

নিজস্ব প্রতিনিধি

রাজধানীর ফার্মগেট এলাকায় ভাড়া বাসায় থাকেন একটি বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা সোহেল রানা। এবারের দুর্গাপূজার ছুটিতে ট্রেনে চড়ে গ্রামের বাড়ি মোহনগঞ্জ যাচ্ছিলেন। ফার্মগেট স্টেশন থেকে মেট্রোরেলের চড়ে মতিঝিল নামেন তিনি। সেখান থেকে অটোরিকশায় ৪০ টাকা ভাড়ায় কমলাপুর রেলস্টেশনে যান। অথচ ফার্মগেট থেকে মতিঝিল পর্যন্ত মেট্রোরেলের ভাড়া লেগেছে ১৮ টাকা। বাড়তি খরচ, স্টেশন থেকে ওঠানামার ব্যক্তি ও বাড়তি সময় ব্যয় তো আছেই। গত বুধবার দুপুর ১২টার দিকে কথা হয় সোহেল রানার সঙ্গে। তিনি প্রথম আলোকে বলেন, ফার্মগেট থেকে খুব কম সময়ে মেট্রোরেলের মতিঝিল পৌছান। কমলাপুর পর্যন্ত মেট্রোরেল চালু হলে সময় ও খরচ কম লাগত। নতুন পরিকল্পনা হচ্ছে আগামী ফেব্রুয়ারিতে পরীক্ষামূলকভাবে মতিঝিল থেকে কমলাপুর পর্যন্ত মেট্রোরেল চালু হবে। আর জুলাইয়ের শুরুতে যাত্রী নিয়ে বাণিজ্যিকভাবে মেট্রোরেল চালু হতে



পারে। রাজধানী ঢাকায় মেট্রোরেলের জনপ্রিয়তা বাড়ছে। এর মধ্যে শুধু মতিঝিল স্টেশন দিয়ে দৈনিক প্রায় এক লাখ যাত্রী আনুযাওয়া করেন। অর্থাৎ মতিঝিল থেকে দেশের বড় রেলস্টেশন কমলাপুরসহ বিভিন্ন স্থানে ছড়িয়ে পড়েন। এ অবস্থায় কমলাপুর পর্যন্ত মেট্রোরেল চালু হলে যাত্রী আরও বাড়বে বলে মনে করছেন সংশ্লিষ্ট ব্যক্তির। মতিঝিল থেকে কমলাপুর পর্যন্ত মেট্রোরেল সম্প্রসারণের কাজ চলমান। ঢাকায় মেট্রোরেল নির্মাণ ও পরিচালনার দায়িত্বে রয়েছে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)। কোম্পানিটি কমলাপুর পর্যন্ত পথে মেট্রোরেলের পরীক্ষামূলক চলাচল আগামী জানুয়ারিতে শুরু কর পরিকল্পনার কথা জানিয়েছিল। যাত্রী নিয়ে কমলাপুর পর্যন্ত মেট্রোরেল চলাচল করার কথা ছিল এপ্রিলে। তবে এই পরিকল্পনা কিছু পরিবর্তন আনা হচ্ছে বলে সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে। নতুন পরিকল্পনা হচ্ছে আগামী ফেব্রুয়ারিতে পরীক্ষামূলকভাবে মতিঝিল থেকে কমলাপুর পর্যন্ত মেট্রোরেল চালু হবে। আর জুলাইয়ের শুরুতে যাত্রী নিয়ে বাণিজ্যিকভাবে মেট্রোরেল চালু হতে পারে।

মেট্রোরেলের কোথায় কত যাত্রী, আয় কত, কিস্তি কত সরেজমিনে দেখা গেছে, মতিঝিল থেকে কমলাপুর অংশে লাইন বসানো চলছে। বৈদ্যুতিক কাজও চলমান। তবে স্টেশনের ভাড়া আদায়ের ব্যবস্থাসহ আরও কিছু যত্ন জাপান থেকে আসতে দেরি হতে পারে। সে জন্যই কিছুটা দেরিতে চালু করতে হবে। কমলাপুর মেট্রোস্টেশনের লিফট লাগানোহই কিছু কাজ এখনো বাকি আছে। ডিএমটিসিএলের তথ্য অনুযায়ী, চালুর পর গত আগস্ট পর্যন্ত মেট্রোরেলের মোট ৩৫ কোটি ৩৫ লাখ যাত্রী যাতায়াত করেছেন। ডিএমটিসিএলের কর্মকর্তারা বলেন, এখন দৈনিক যাত্রীর সংখ্যা প্রতিদিনই সাড়ে চার লাখের ওপর থাকে। প্রকল্প নেওয়ার সময় উত্তরা থেকে মতিঝিল পর্যন্ত প্রতিদিন পাঁচ লাখ যাত্রী হবে বলে প্রাক্কলন করা হয়েছিল। অর্থাৎ বর্তমান যাত্রীর সংখ্যা সেই প্রাক্কলনের কাছাকাছি। কমলাপুর পর্যন্ত বর্ধিত অংশ চালু হলে দৈনিক যাত্রীর সংখ্যা ৬ লাখ ৭৭ হাজারে পৌছানোর প্রাক্কলন রয়েছে।গত সপ্তাহে সরেজমিনে মতিঝিলকমলাপুর মেট্রোস্টেশনে গিয়ে দেখা যায়, বাংলাদেশ ব্যাংকের সামনের অংশে মেট্রোরেলের অস্থায়ী সিঁড়ি দিয়ে শ্রমিকেরা ওঠানামা করছেন। শ্রমিকেরা জানান, ইতিমধ্যে মেট্রোরেলের উড়ালসড়ক নির্মাণের কাজ শেষ হয়েছে। বর্তমানে রেললাইন বসানোর কাজ চলছে। মেট্রোরেল পুরোপুরি বিদ্যুতে চলে। দুই পাশে বিদ্যুতের খুঁটি বসানো হয়েছে। এর ওপর তার টানা হবে। ট্রেনের সঙ্গে ভারের সংযোগের মাধ্যমে মেট্রোরেল চলাচল করে।

কমলাপুর মেট্রোস্টেশনের নিচে বালু ও পাথর স্থপ করে রাখা রয়েছে। শ্রমিকের কাজে নিয়োজিত মনির হোসেন জানান, স্টেশনের কাজ চলার কারণে নিচের সড়ক বেহাল হয়ে আছে। তাই সড়ক মেরামতের কাজ শুরু হবে। নির্মাণকাজে যুক্ত প্রকৌশলীদের সঙ্গে কথা বলে জানা গেছে, মেট্রোরেলের লাইন বসানোর কাজ এখন পর্যন্ত ৩০ শতাংশ শেষ হয়েছে। ডিসেম্বর নাগাদ তা শেষ করতে চায় কর্তৃপক্ষ। আর বিদ্যুতের কাজ সম্পন্ন হয়েছে ৪০ শতাংশের মতো। এ ছাড়া কমলাপুর মেট্রোস্টেশনে লিফট বসানো, সংকেতব্যবস্থা ও স্বয়ংক্রিয় ভাড়া আদায়ের যন্ত্রপাতি বসানো, টাইলস লাগানো, শৌচাগার প্রস্তুত করা, পানির পাম্প বসানোসহ আরও কিছু কাজ বাকি আছে।

নাম প্রকাশ না করার সত্ত্বেও এক প্রকৌশলী প্রথম আলোকে বলেন, কর্তৃপক্ষের উচ্চপর্যায় থেকে জুজুলাইয়ে মেট্রোরেল চালুর নির্দেশনা আছে। তবে আর্থবদ্বিক কিছু কাজ বাকি রেখেই জুলাইয়ে মেট্রো চলাচল শুরু করতে পারে। এতে সমস্যা হবে না।

উত্তরা থেকে কমলাপুর মেট্রোরেলের নাম এমআরটি লাইনও। এই প্রকল্পের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল (অব.) মো. আবদুল ওয়াহাব প্রথম আলোকে বলেন, মতিঝিলকমলাপুর অংশের অবকাঠামো নির্মাণকাজের সার্বিক অগ্রগতি ৮৫ শতাংশ। আগামী জুনের শেষে বা জুলাইয়ের শুরুতে কমলাপুর পর্যন্ত মেট্রোরেল যাবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। তিনি আরও বলেন, ঠিকাদারের সঙ্গে আগামী সেপ্টেম্বর পর্যন্ত চুক্তি আছে। তবে তিন মাস আগেই কাজ শেষ করার উদ্যোগ নেওয়া হয়েছে।

এত দিন কমলাপুর রেলস্টেশন দিয়ে শুধু দেশের উত্তর ও পূর্বাঞ্চলে ট্রেন চলাচল করত। পদ্মা সেতু চালুর পর দক্ষিণ ও দক্ষিণপশ্চিমাঞ্চলে ট্রেন বেড়েছে। এই পরিস্থিতিতে মেট্রোরেল চালু হলে বাড়তি যাত্রী পাওয়া যাবে। পাশাপাশি সড়কের ওপর চাপ কমবে। সাস্থ্যুল হক, পরিবহন বিশেষজ্ঞ ঢাকার যানজট কমাতে তৎকালীন মেট্রোরেল প্রকল্প নেওয়া হয় ২০১২ সালে। নির্মাণে ব্যয় ৩৩ হাজার ৪৭২ কোটি টাকা। এর প্রায় ৬৫ শতাংশ জাইকার ঋণ। ২০২২ সালের ২৮ ডিসেম্বর উত্তরা থেকে আগারগাঁও পর্যন্ত মেট্রোরেল চালু করা হয়।



ডেঙ্গু প্রতিরোধে নভেম্বর পর্যন্ত সর্বোচ্চ সতর্ক থাকতে হবে - ডা. শাহাদাত

নিজস্ব প্রতিনিধি

ডেঙ্গুর প্রকোপ নিয়ন্ত্রণে নভেম্বর পর্যন্ত সর্বোচ্চ সতর্কতা বজায় রাখা এবং মশক নিয়ন্ত্রণ কার্যক্রম জোরদার করার আহ্বান জানিয়েছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) প্রশাসক ডা. শাহাদাত হোসেন। তিনি বলেন, বৃষ্টি কমে গেলেও ডেঙ্গুর ঝুঁকি শেষ হয়ে যায় না। বিগত বছরের অভিজ্ঞতা অনুযায়ী নভেম্বর পর্যন্ত ডেঙ্গুর প্রকোপ অব্যাহত থাকতে পারে। তাই এ সময়ে মশার প্রজননস্থল ধ্বংস, নিয়মিত মশক নিধন কার্যক্রম এবং জনসচেতনতা বৃদ্ধিতে সংশ্লিষ্ট সবাইকে সক্রিয় ভূমিকা পালন করতে হবে।

গতকাল সোমবার (২৬ অক্টোবর) টাইগারপাসের চসিক কার্যালয়ের সম্মেলন কক্ষে সিভিল সার্জন কার্যালয়ের সর্বশেষ ডেঙ্গু পরিস্থিতি নিয়ে আয়োজিত এক পর্যালোচনা সভায় সভাপতির বক্তব্যে প্রশাসক এসব কথা বলেন। সভায় সিভিল সার্জন অফিসের হালনাগাদ পরিসংখ্যান উপস্থাপন করা হয় এবং নগরে ডেঙ্গু পরিস্থিতি মোকাবিলায় চলমান কার্যক্রম ও করণীয় নিয়ে আলোচনা হয়। সভায় উপস্থাপিত তথ্য অনুযায়ী, ২০২৬ সালের ১ জানুয়ারি থেকে ২৬ অক্টোবর পর্যন্ত চট্টগ্রাম মহানগর এলাকায় ৩ হাজার ২১০ জন, জেলার উপজেলাগুলোতে ২ হাজার ৭৬২ জন এবং চট্টগ্রাম বিভাগের অন্যান্য জেলা থেকে আগত ৭০৮ জন রোগী রইয়েছেন। একই সময়ে ডেঙ্গুতে ৩৩ জনের মৃত্যু হয়েছে। তাদের মধ্যে মহানগর এলাকায় ১২ জন, উপজেলা পর্যায়ে ১৪ জন এবং অন্যান্য জেলার সাতজন রইয়েছেন। মৃতদের মধ্যে ১৮ জন নারী, নয়জন শিশু ও ছয়জন পুরুষ। বর্তমানে বিভিন্ন হাসপাতালে ৯১ জন ডেঙ্গু রোগী ভর্তি রয়েছেন। মহানগর এলাকার মধ্যে হালিগঞ্জে সর্বোচ্চ ৪৩৯ জন রোগী শনাক্ত হয়েছেন। এ ছাড়া কোতোয়ালীতে ৩৩৪ জন, বন্দরে ৩২৪ জন, শাহাডতলীতে ৩০৪ জন এবং বাকলিয়াতে ২৫৬ জন রোগী শনাক্ত হয়েছে। উপজেলা পর্যায়ে

বরিশাল মেট্রোপলিটন পুলিশের ২০তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

নিজস্ব প্রতিনিধি

নানা আয়োজনের মধ্য দিয়ে বরিশাল মেট্রোপলিটন পুলিশের (বিএমপি) ২০তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত হয়েছে। গতকাল সোমবার বেলা ১১টায় বেলেুন ও পায়রা উড়িয়ে প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠানের উদ্বোধন করেন, বরিশাল বিভাগীয় কমিশনার খলিল আহমেদ। বিভাগীয় কমিশনার বলেন, প্রতিনিত্য জনসংখ্যা বৃদ্ধি পাওয়ার সঙ্গে সঙ্গে নদরায়ণ ও মানাবাদের সংখ্যা বাড়ছে। ফলে যানজটের পাশাপাশি অপরাধপ্রবণতাও বৃদ্ধি পাচ্ছে। এসব চ্যালেঞ্জ মোকাবিলা করে মানুষের দোরগোড়ায় সেবা পৌঁছে দিতে কাজ করছে পুলিশ প্রশাসন। তিনি বলেন, বর্তমানে বরিশাল মেট্রোপলিটন পুলিশ ৪টি থানার মাধ্যমে নগরবাসীকে সেবা দিচ্ছে। ভবিষ্যতে থানার সংখ্যা আরও বানানো হবে।

পুলিশ যাতে যথাযথভাবে আইন-শৃঙ্খলা রক্ষার দায়িত্ব পালন করতে পারে, সে জন্য তিনি নগরবাসীর সহযোগিতা কামনা করেন।



প্লাস্টিক বর্জ্যের বিনিময়ে শিক্ষার্থীদের বিনামূল্যে চট্টগ্রাম চিড়িয়াখানা পরিদর্শনের সুযোগ

নিজস্ব প্রতিনিধি

প্লাস্টিক বর্জ্যের বিনিময়ে শিক্ষার্থীদের বিনামূল্যে চট্টগ্রাম চিড়িয়াখানা পরিদর্শনের সুযোগ দেওয়ার উদ্যোগকে আরও কার্যকর করতে এবার বর্জ্য সঞ্গ্রহ, ব্যবস্থাপনা ও পুনর্ব্যবহারের পদক্ষেপ নেওয়া হয়েছে। এ লক্ষ্যে চট্টগ্রাম জেলা প্রশাসনের সঙ্গে সমঝোতা স্মারক করেছ বেসরকারি উন্নয়ন সংস্থা ইপসা (ইয়ং পাওয়ার ইন সোশ্যাল অ্যাকশন) ওয়েস্ট ম্যানেজমেন্ট এন্টারপ্রাইজ। গতকাল সোমবার চট্টগ্রাম জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন চট্টগ্রামের জেলা প্রশাসক মোহাম্মদ আহিদুল ইসলাম মিঞা। সমঝোতা স্মারকে জেলা প্রশাসনের পক্ষে স্বাক্ষর করেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) ও চট্টগ্রাম চিড়িয়াখানা নির্বাহী কমিটির সহসভাপতি পাঠান মো. সাইদুজ্জামান। অন্যদিকে ইপসা ওয়েস্ট ম্যানেজমেন্ট এন্টারপ্রাইজের পক্ষে স্বাক্ষর করেন প্রতিষ্ঠানটির পরিচালক (অর্থ) পলাশ কুমার চৌধুরী। চুক্তি অনুযায়ী, চট্টগ্রাম চিড়িয়াখানা থেকে নিয়মিত প্লাস্টিক বর্জ্য সঞ্গ্রহ করা হবে। এসব বর্জ্য পরিবহন ও পুনর্ব্যবহারের দায়িত্ব পালন করবে ইপসা ওয়েস্ট ম্যানেজমেন্ট এন্টারপ্রাইজ। পাশাপাশি চিড়িয়াখানায় বর্জ্য ফেলার পাড়া ও সুরক্ষাসামগ্রী সরবরাহ, পরিষ্ক্লতা কার্যক্রম পরিচালনা এবং পরিবেশ বিষয়ক সচেতনতামূলক কর্মসূচি বাস্তবায়ন করবে প্রতিষ্ঠানটি। সংশ্লিষ্ট ব্যক্তির মনে করছেন, এ উদ্যোগের ফলে চিড়িয়াখানার প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনা আরও সুশৃঙ্খল হবে।

CHITTAGONG PORT AUTHORITY OFFICE OF THE PLANT MANAGER				e-GP	
e-Tender Notice (OTM)					
Tender No: 007/2026-27				Date: 17-10-2026	
SL No.	Tender ID No & Ref No.	Name of Works	Tender Closing Date & Time	Tender Opening Date & Time	
01.	1351416. 18.13.0000.423.07.024.26	Procurement of Hydraulic Motor with the other 03 items spare parts for 04 High Straddle Carrier of Zonal Workshop-D	16-Nov-2026 11:15:00AM	16-Nov-2026 11:15:00AM	
02.	1351419. 18.13.0000.423.07.022.26	Procurement of 01 item (Side Shifting Bearing) spare parts for 04 High Straddle Carrier of Zonal Workshop-D	16-Nov-2026 11:15:00AM	16-Nov-2026 11:15:00AM	
03.	1355821. 18.13.0000.423.07.090.25	Procurement of Inverter (IU6), Hoist Programmed (Plug & Play) with other 01 item of spare parts for kalmar brand 4-high straddle carrier of Chittagong Port Authority.	16-Nov-2026 11:15:00AM	16-Nov-2026 11:15:00AM	
04.	1355835. 18.13.0000.423.07.079.25	Procurement of Pipe (Rail Pressure Accumator) with other 01 item of spare parts for kalmar brand 4-high straddle carrier of Chittagong Port Authority.	16-Nov-2026 11:15:00AM	16-Nov-2026 11:15:00AM	
05.	1354472. 18.13.0000.423.07.020.26	Procurement of ENGINE COMPLETE UNIT PLUG & PLAY TYPE for kalmar brand 4-high straddle carrier of Chittagong Port Authority.	16-Nov-2026 11:15:00AM	16-Nov-2026 11:15:00AM	
06.	1353441. 18.13.0000.423.07.048.25	Procurement of Seal Kit/Gasket Set with the other 23 item spare parts for 04 High Straddle Carrier of Zonal Workshop-D	16-Nov-2026 11:15:00AM	16-Nov-2026 11:15:00AM	
	1352422. 18.13.0000.384.07.009.26	Procurement of Kitti allowance for 3rd and 4th class employees of Zonal. Workshop-D, CPA.	16-Nov-2026 11:15:00AM	16-Nov-2026 11:15:00AM	

This is an online tender where only e-tenders will be accepted in e-GP portal and no offline/hard copies will be accepted. To submit e-Tender, please register on e-GP system portal (<http://www.cprocure.gov.bd>).

চবক, জং সহ বিজ্ঞাপন নং-২৮/৩।

Chowdhury
17.10.26
Plant Manager
Chittagong Port Authority